



একই স্মারক ও তারিখের বিকল্প পত্র  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৪জি-৯৭২-ম/২০১১/৪৮৮

তারিখ: ২১/০৩/২০২১ খ্রি.

বিষয়: স্বশরীরে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ সংক্রান্ত।

সূত্র: জেশিঅ/জয়/২০১৯/৫৯৪, তারিখ-১৯/১১/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলাধীন পাঠানপাড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের কমিটির বিরুদ্ধে মামলা নং ৫৩/২০১৭, ৩/১৮ ও ১৫/১৯ বিচারাধীন থাকায় শূন্য পদে প্রধান শিক্ষক ও অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের জন্য ডিজি মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন দেয়া যাবে কিনা সে বিষয়ে আইনী মতামত চেয়ে জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট আবেদনপত্র দাখিল করেন। আবেদনের প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে গত ২২/০১/২০২০ খ্রি. তারিখে গঠিত চূড়ান্ত এমপিও অনুমোদন কমিটির সুপারিশের আলোকে মামলার বিষয়বস্তু ও সর্বশেষ অবস্থা জানার জন্য প্রধান শিক্ষক এবং জেলা শিক্ষা অফিসার জয়পুরহাটকে প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়। এ প্রেক্ষিতে জেশিঅ জয়পুরহাট এবং প্রধান শিক্ষক প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদন ও জনাব মো: রমজান আলীর ১০/১১/২০২০ খ্রি. তারিখের আবেদন পর্যালোচনায় দেখা যায়, মহামান্য হাইকোর্টে সিভিল রিভিশন নং ৪৯১/২০২০ মামলা চলমান রয়েছে। এ বিষয়ে মাউশি অধিদপ্তরের আইন শাখার মতামত নিম্নরূপ:

"যেহেতু, বর্ণিত প্রতিষ্ঠানের বিগত ম্যানেজিং কমিটি নিয়ে বিভিন্ন মামলা-মোকদ্দমা চলমান থাকা অবস্থায় কিভাবে নতুন কমিটি হয়েছে বিষয়টি স্পষ্ট নয়। এছাড়া নিয়োগের পক্ষে-বিপক্ষে বিভিন্ন অভিযোগ চলমান আছে। যদিও মামলাসমূহ ম্যানেজিং কমিটি সংক্রান্ত এবং আদালত কর্তৃক কোনো নিষেধাজ্ঞা নাই কিন্তু মামলা বিচারাধীন থাকায় এবং নিয়োগের পক্ষে-বিপক্ষে বিভিন্ন অভিযোগ চলমান থাকায় উভয় পক্ষের শুনানীঅন্তে কাগজপত্র যাচাই-বাছাই করে সংশ্লিষ্ট শাখা হতে আবেদনের বিষয়ে প্রশাসনিকভাবে সিদ্ধান্ত নেয়া যেতে পারে।"

এমতাবস্থায়, মাউশি অধিদপ্তরের আইন শাখার মতামতের আলোকে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি সংক্রান্ত ও নিয়োগের পক্ষে-বিপক্ষে কাগজপত্র এবং সংশ্লিষ্ট সকল তথ্যাদিসহ আগামী ০৭/০৪/২০২১ খ্রি. তারিখে স্বশরীরে উপস্থিত হয়ে পরিচালক (মাধ্যমিক) মহোদয়ের কক্ষে শুনানীতে অংশ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মুহম্মদ হাবিব  
২৪.০৩.২০২১

চন্দ্র শেখর হালদার (২৩৬৫০)

শিক্ষা কর্মকর্তা (মাধ্যমিক-১)

[eodshesecondary1@gmail.com](mailto:eodshesecondary1@gmail.com)

- ১। সভাপতি ও প্রধান শিক্ষক  
পাঠানপাড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয়  
ক্ষেতলাল, জয়পুরহাট।
- ২। মোঃ রমজান আলী  
গ্রাম: খড়িকাটা, ডাকঘর: সমশিরা  
উপজেলা: ক্ষেতলাল, জেলা: জয়পুরহাট।

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৩. আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট।
৬. প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), পাঠানপাড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট।
৭. পিএটু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮. সংরক্ষণ নথি।